

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (খ) পূর্ববর্তী সৃষ্টি, নবীগণ ও তাফসীর বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. আসমানী সহীফার সংখ্যা

মহান আল্লাহ কুবআন কারীমে বারংবার বলেছেন যে, তিনি নবী ও রাসূলগণকে গ্রন্থাদি প্রদান করেছেন। কিন্তু এ সকল কিতাব ও সহীফার কোনো সংখ্যা কুরআন কারীমে বা কোনো সহীহ হাদীসে উল্লেখ করা হয় নি। '১০৪' কিতাব ও সহীফার কথাটি আমাদের দেশে অত্যন্ত প্রসিদ্ধ। কোনো নির্ভরযোগ্য হাদীসে কথাটি পাওয়া যায় না। উপরে ১ লক্ষ ২৪ হাজার পয়গম্বর' বিষয়ক যে হাদীসটি আবৃ যার (রা) থেকে বর্ণিত হয়েছে, সে হাদীসের মধ্যে এ ১০৪ সহীফা ও কিতাবের কথাটি উল্লেখ করা হয়েছে। আমরা দেখেছি যে, এ হাদীসটি জাল অথবা অত্যন্ত দুর্বল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4766

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন